আমার স্বপ্ন ছোঁয়ার অনুভূতি-এ এক পরম আনন্দ

আমার স্বপ্ন ছিলো প্রতি পাক্ষিকে নির্বাচিত সেরাদের মত আমিও বাতায়নের আকাশে নিজেকে উড়তে দেখবো। এবার ৩১/১২/২০২০ ইং তারিখ ছিলো বৃহঃস্পরিবার সপ্তাহের শেষ সরকারি অফিস সেই সাথে থার্টি ফার্ষ্ট নাইট রেজাল্ট হলো না, আমার চিন্তার পাহাড় আরও বড় হতে লাগলো। শুক্রবার ০১/০১/২০২১ খ্রিষ্টীয় বছরের প্রথমদিন সবাই ছুটিতে আছে এ দিন ও রেজাল্ট হলো না। এই দিন সকাল ১১.০০ টার পর থেকে শিক্ষক বাতায়নের পান্ডুলাম থেকে আগের পাক্ষিকের সেরাদের ছবি সরিয়ে নেওয়া হলো। পান্ডুলামে ভাসছে "দুঃখিত এ পাক্ষিকে সেরা কন্টেন্ট নির্মাতা মনোনীত হয়নি" মনকে আর ধরে রাখতে পারছি না। শুরু হলো কষ্টের আরও কিছু মুহূর্ত। যেটার জন্য আমি একেবারেই প্রস্তুত ছিলাম না। অনেকের কাছে ফোন দিয়ে জানতে পারলাম, ০১/০১/২০২১ ইং তারিখে দিবাগত রাতে রেজাল্ট হবে। মনটাতে একটু শান্ত করলাম এই বলে যে রেজাল্ট তো হবে তারপর যা হবে দেখা যাবে। শুরু হলো অপেক্ষার পালা। প্রতি পাক্ষিকে রেজাল্টের সময় নিজের চোখের পাতা এক না করেই গভীর আশা নিয়ে অপলোক দৃষ্টিতে তাকিয়ে থাকতাম বাতায়নের হোম পেজের ঠিক ডান পার্শ্বের রেজাল্ট পেন্ডুলামের দিকে। এই বুঝি আমার ছবিটা আমি দেখতে পাবো। এই মনে হয় আমার প্রিয় স্যার/ম্যামরা আমাকে নিয়ে নিজেদের কথার ঝুলি নিয়ে আলোচনার ঝড় তুলবেন। সেই সময় মনে হয় এই আসতে চলেছে আমার একান্ত প্রিয় জনেরা আমাকে বলবে অভিনন্দন অচিন্ত্য স্যারকে। ফেসবুকের গ্রুপ পেজ গুলো থেকে নিজের চোখকে সরাতেই পারতাম না। মনের মধ্যে শুরু হতো ভীতু কাঁপুনি গুলোর আনাগোনা। শরীরের প্রতিটি অংশ শীতল হয়ে যেত। নিজের নিঃশ্বাসটা নিজের কাছে খুব অপরিচিত মনে হতো। মনে হতো আমি মনে হয় আর প্রতিকুলতা গুলোর সাথে যুদ্ধ করতে পারছি না। এবার বুঝি নিজের হারটা মেনে নিতেই হবে। বাতায়নের পেজটা বার বার রিফ্রেশ করছি। আবার সেই সাথে মেনেও নিয়েছি আমার মনের আশা বুঝি এবারও পূরণ হবে না। সেই জন্য অন্যদের রেটিং করাও অব্যাহত রেখেছিলাম। এক দিকে রেটিং করছি, শিক্ষক বাতায়নের হোম পেজ রিফ্রেশ করছি সেই সাথে ফেসবুকের গ্রুপ গুলোতে সবসময় নজর রাখছি। এ দিকে শরীরের মধ্যে কি যেন একটা হচ্ছে যেটাকে ভাষায় বলে বুঝানোটা আমার কাছে একেবারেই অসম্ভব। যা-হোক সব মিলিয়ে কাজ করছি। হঠাৎ ফেসবুক গ্রুপ দেখলাম "আচিন্ত্য স্যারকে অভিনন্দন" নিজের চোখকে বিশ্বাস করতে পারছিলাম না। দ্রুত বাতায়নের হোম পেজ রিফ্রেশ করলাম দেখলাম প্রথমে এবং একমাত্র আমার ছবিটা পেন্ডুলামে ভাসছে। চোখের জল আর ধরে রাখতে পারলাম না। এটাই বুঝি আমার পরিশ্রমের ফল। আসলে কোন কিছু মন থেকে চাইলে এবং তার জন্য এমন হয়। সব কিছু আপনাদের ভালোবাসা ও সহযোগিতার ফলে সম্ভব হয়েছে। আমি আপনাদের এ দান কোনদিন ভুলবোনা। আপনাদের সকলকে অনেক ধন্যবাদ। অভিজিৎ স্যার, রফিকুল ইসলাম সুজন স্যার, ইমরান অভি স্যার, মোঃ কবীর স্যার, মোঃ আক্তার হোসেন কুতুবী স্যার, জয়দেব কুন্ডু স্যার, জাহাঙ্গীর স্যার সহ বাতায়নের সাথে সংশ্লিষ্ঠ সকল কর্মকর্তাদের অনেক অনেক ধন্যবাদ। আমার উপর অর্পিত দায়িত্ব সব সময় পালনে বাধ্য থাকবো এবং সারা জীবন বাতায়নের সাথে থাকবো কথা দিলাম।

অচিন্ত্য কুমার মন্ডল
সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)
জেলা এম্বাসেডর ও সেরা কন্টেন্ট নির্মাতা-২০২০ (শেষ পাক্ষিক)
শ্যামনগর, সাতক্ষীরা
ই-মেইলঃ achintya_niit@yahoo.com
মোবাঃ ০১৭১১০০৪৫৬৯